# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-04-2025** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষকদের সঙ্গে আজ বৈঠকে বসার কথা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর।

২) যোগ্যদের চাকরি ফিরিয়ে দেওয়া এবং OMR শিটের মিরর কপি প্রকাশের দাবিতে SSC অফিসের সামনে অবস্থান বিক্ষোভ চলেছে।

আজ SSC কার্যালয় অভিযানের ডাক চাকরিহারাদের।

৩) হনুমানজয়ন্তী উপলক্ষে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আগামীকাল কলকাতায় শোভাযাত্রার শর্তাধীন অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪) জাতীয় সড়কগুলিতে টোল সংগ্রহ এবং অন্যান্য সমস্যার সমাধানের লক্ষে আজ বৈঠক করবে পরিবহণ দফতর।

৫) রাজ্য সরকার হাওড়ার আমতায় একটি ফাউন্ড্রি পার্ক তৈরি কাজ শুরু করেছে।

৬) রাজ্যের প্রায় সব জেলাতেই বৃষ্টির প্রেক্ষিতে অনেকটাই কমেছে তাপমাত্রা। আগামী কয়েকদিনে বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

০০০০০০০০০০০০০০০০০০০০

হাইকোর্টের রায়ে চাকরিহারা শিক্ষকদের সঙ্গে আজ বৈঠকে বসতে চলেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বিকাশ ভবনে ওই বৈঠকে স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান, শিক্ষা দফতরের আধিকারিকরা উপস্থিত থাকবেন। যোগ্য চাকরিহারা শিক্ষকদের বক্তব্য শুনবেন শিক্ষামন্ত্রী। তাদের চাকরিতে পুনর্বহাল করতে সরকার কোন পথে এগোতে চাইছে সে ব্যাপারেও বৈঠকে আলোচনা হতে পারে । সরকার আইন বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে যোগ্য –অযোগ্যদের তালিকা প্রকাশ করতে চেষ্টা করছে বলেও শিক্ষামন্ত্রী জানিয়েছেন।

(বাইট – ব্রাত্য )

oooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায়ে চাকরিহারা শিক্ষক – অশিক্ষক কর্মী এবং বিভিন্ন রাজনৈতিক দলের মিছিলকে কেন্দ্র করে গতকাল কলকাতা শহর কার্যত অবরুদ্ধ হয়ে যায়। যোগ্যদের চাকরি ফিরিয়ে দেওয়ার দাবিতে কর্মচ্যুত শিক্ষক - অশিক্ষক কর্মীরা কলকাতায় মহা মিছিলের ডাক দেন। রাতে বৃষ্টিকে উপেক্ষা করে সল্টলেকের বিকাশভবনের সামনে চাকরিচ্যুতরা অবস্থান বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন। অনশনে বসেছেন দুজন। দ্রুত OMR শিটের মিরর কপি প্রকাশের দাবি জানিয়েছেন আন্দোলনকারীরা। এদিকে যোগ্য শিক্ষক-শিক্ষিকা অধিকার মঞ্চের সদস্যরা আজ SSC ভবন অভিযানের ডাক দিয়েছে।

বিজেপি সাংসদ, প্রাক্তন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায় গতকাল অবস্থানরতদের সঙ্গে সাক্ষাৎ করেন। তার সঙ্গে ছিলেন অভিনেতা রুদ্রনীল ঘোষ, রূপা গাঙ্গুলী প্রমুখ। এসএসসি-র প্রাক্তন চেয়ারম্যান চিত্তরঞ্জন মণ্ডলও কথা বলেন অবস্থানরতদের সঙ্গে। পরে তারা SSC দফতরেও যান।

বিভিন্ন রাজনৈতিক দলও গতকাল কলকাতা জুড়ে মিছিল করেছে। বিজেপি কসবায় চাকরিহারাদের উপর পুলিশি বলপ্রয়োগের তীব্র নিন্দা করেছে। দলের মুখপাত্র তথা

রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য বলেন, নিজেদের পাপমুক্ত করতেই এতগুলি মানুষের সর্বনাশ করেছে মমতা ব্যানার্জীর সরকার।

বাইট

সরকারের সংগঠিত অপরাধের কারনেই যোগ্যরা বঞ্চিত বলে CPIM অভিযোগ করেছে। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, SSC-র কাছে OMR থাকলে তা অবিলম্বে প্রকাশ করা দরকার।

বাইট

মুখ্যমন্ত্রীর আশ্বাস সত্ত্বেও চাকরিহারা শিক্ষক-অশিক্ষক কর্মিরা DI অফিস গিয়েছিলেন কেন সেই প্রশ্ন তুলেছেন রাজ্যের মন্ত্রী তথা ফিরহাদ হাকিম।

বাইট

oooooooooooo

দুর্নীতির দায়ে শিবপুর দীনবন্ধু ইনস্টিটিউশনের এক শিক্ষকের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ করতে সিআইডি-কে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। দিন কয়েক আগে সিরাজুল ইসলাম নামের জীবন বিজ্ঞানের ওই শিক্ষককে বরখাস্ত করে হাইকোর্ট। তার বিরুদ্ধে জারি হয়েছে গ্রেফতারি পরোয়ানা। তার বাড়িতে একাধিকবার পুলিশ গেলেও সিরাজুলের সন্ধান মেলেনি।

oooooooooooo

হনুমান জয়ন্তী উপলক্ষে আগামীকাল বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে কলকাতায় শোভাযাত্রার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। তবে, রাখা হয়েছে একাধিক শর্ত। কলেজস্ট্রীট বাটা থেকে আমহার্স্ট্রীট থানার হনুমান মন্দির পর্যন্ত মিছিল যাবে।

বিকেল পাঁচটা থেকে রাত ৮-টার মধ্যে শোভাযাত্রা করা যাবে। শব্দ দূষণ বিধি মেনে বাজানো যাবে মাইক। মিছিলে ডিজে ব্যবহার করা যাবে না। পাশাপাশি আড়াইশো জনের বেশি এতে অংশ নিতে পারবেন না।

অন্য আর একটি মামলায় আগামীকাল ও ১২ তারিখ গড়িয়ায় হনুমানজয়ন্তীর অনুষ্ঠানের ছাড়পত্র দিয়েছে উচ্চ আদালত।

হাওড়ায় রাম নবমীর মিছিলে হাইকোর্টের নির্দেশ লঙ্ঘনের অভিযোগে বিশ্ব হিন্দু পরিষদের সদস্যদের বিরুদ্ধে পুলিশ এফআইআর দায়ের করায় রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, পুলিশের কাছে কি তথ্যপ্রমাণ রয়েছে আগামী ২৫-শে এপ্রিল তা জানাতে বলেছেন।

ooooooooooooo

SUCI (কমিউনিস্ট) অবিলম্বে ওয়াকফ আইন সংশোধন বাতিলের দাবি জানিয়েছে। দলের সাধারণ সম্পাদক প্রভাস ঘোষ এক বিবৃতিতে বলেন দুর্নীতি দূর করার অজুহাতে বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকার যেভাবে ওয়াকফ আইন সংশোধন করেছে, দল তার তীব্র বিরোধিতা করছে।

ooooooooooooooo

নদীয়ার কালিগঞ্জ বিধানসভা আসনে উপনির্বাচনে জন্য ভোটার তালিকা সংশোধনীর কাজ শুরু হয়েছে। ভোট গ্রহণের দিনক্ষণ ঘোষণা না হলেও প্রস্তুতি শুরু করেছে বিভিন্ন রাজনৈতিক দল

(ভয়েসকাস্ট – অনুপম)

oooooooooooooo

রাজ্যের মধ্যে থাকা বিভিন্ন জাতীয় সড়ক গুলিতে টোল সংগ্রহ এবং অন্যান্য সমস্যার সমাধানের লক্ষ্যে পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী আজ বৈঠকে বসছেন। দুপুর আড়াইটায় পরিবহন ভবনে ওই বৈঠক শুরু হওয়ার কথা। বৈঠকে অংশ গ্রহন করতে জাতীয় মহাসড়ক কর্তৃপক্ষ- NHAI, পরিবহণ দপ্তর, তিন রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার শীর্ষ কর্তাদের আহ্বান জানানো হয়েছে। এছাড়াও থাকবেন রাজ্যের বিভিন্ন বেসরকারি বাস মালিক সংগঠন এর প্রতিনিধিরাও। উল্লেখ্য গত পয়লা এপ্রিল থেকে জাতীয় সড়কে টোল ট্যাক্স বৃদ্ধি করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার হাওড়ার আমতায় একটি ফাউন্ড্রি পার্ক তৈরির কাজ শুরু করেছে। ৮০ বিঘা জমির উপরে ১০০টির বেশি ফাউন্ড্রি ইউনিট গড়ে তোলার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে রাজ্য শিল্পোন্নয়ন নিগম সূত্রে জানা গেছে। ইতিমধ্যেই হাওড়া গ্রামীণের কুরিট গ্রামে শুরু হয়েছে এই পার্কের প্রাথমিক পর্যায়ের পরিকাঠামো উন্নয়নের কাজ। দেড় কোটি টাকা ব্যয়ে রাস্তা, নিকাশি নালা সহ বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নের কাজ চলছে। ইতিমধ্যে হাওড়ার পাচঁলায় ফাউন্ড্রি শিল্পের বড় ইউনিটগুলোর একটি তালুক গড়ে উঠেছে। নতুন শিল্প তালুকে জায়গা পাবে ছোট ইউনিট গুলি।

রাজ্য সরকার পশ্চিম মেদিনীপুরে ৪টি নতুন শিল্প তালুক গড়ার সিদ্ধান্ত নিয়েছে। গড়বেতা-১, চন্দ্রকোণা-২, মেদিনীপুর সদর ও কেশপুর ব্লকে এই ৪টি শিল্প তালুক হবে। এর জন্য ইতমধ্যেই জমি চিহ্নিত হয়ে গিয়েছে। নতুন ওই ৪ শিল্প তালুক তৈরি হলে কয়েক হাজার যুবক-যবতীর কর্মসংস্থান হবে বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০

সুপ্রিম কোর্টের রায় কে মর্যাদা দিয়ে রাজ্য প্রশাসনের অভ্যন্তরে চুক্তিতে নিয়োজিত কর্মচারীদের স্থায়ী করার দাবি জানিয়েছে পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারী সমিতি WBMOA। কলকাতায় গতকাল এক সাংবাদিক সম্মেলনে WBMOA-এর সাধারণ সম্পাদক অরুপ চন্দ্র বলেন, যতদিন না ওই ধরণের কর্মীদের স্থায়ী করা হচ্ছে ততদিন, সম কাজে সমবেতন সহ স্থায়ী কর্মচারীদের মতোই সুযোগ সুবিধা প্রদান করতে হবে। এদিকে নিজেদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে সংগঠনের তরফে আজ সকালে নবান্নে অর্থ সচিবের কাছে স্মারকলিপি দেওয়া হবে। তারপর কলকাতার রানী রাসমণি এভিনিউতে স্থায়ী, অস্থায়ী কর্মচারীদের কেন্দ্রীয় সমাবেশ হবে বলে অরুপ বাবু জানান।

oooooooooooooo

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রক এবং ওয়েভ ল্যাপসের সহযোগিতায় আয়োজিত **XR** ক্রিয়েটর হ্যাকাথনে বিজয়ীদের নাম ঘোষিত হয়েছে।

স্বাস্থ্য সেবা ফিটনেস অ্যান্ড ওয়েলবিং, শিক্ষাগত রূপান্তর, পর্যটন, ডিজিটাল মিডিয়া ও বিনোদন এবং ই-কমার্স রিটেল অ্যান্ড ট্রান্সফরমেশন – এই পাঁচটি বিভাগে পুরস্কার দেওয়া হয়।

আই আই টি খড়গপুরের পড়ুয়া বেদান্ত হাজরার নেতৃত্বে **XR** রানার্স টীম বিজয়ী ঘোষিত হয়েছে। আই আই টি-র অধ্যাপক কৌশল কুমার ভগতের তত্বাবধানে শিক্ষগত রূপান্তর বিভাগে তারা জয়লাভ করে।

ooooooooooooo

রাজ্যের প্রায় সবকটি জেলাতেই বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং হিমালয় সন্নিহিত জেলাগুলিতে। আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত

আকাশবাণীকে জানিয়েছেন, আগামী কয়েকদিন ধরেই বিক্ষিপ্তভাবে বৃষ্টি হবে। ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার সম্ভাবনা ।

(বাইট – সোমনাথ)

গতকাল দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বজ্রবিদ্যুৎ সহ ঝড়বৃষ্টির খবর মিলেছে।

বৃষ্টির জেরে এক ধাক্কায় অনেকটাই কমেছে তাপমাত্রা। আজ সকালে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ৪ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৪ দশমিক ২ ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০

আইপিএলের ম্যাচে আজ কলকাতা নাইট রাইডার্স, চেন্নাই সুপার কিংসের মুখোমুখি হবে। চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

নাইট রাইডার্স পাঁচ ম্যাচে চার পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার ষষ্ঠ স্থানে আছে।

অন্যদিকে চেন্নাই সমসংখক ম্যাচে দুই পয়েন্ট পেয়ে দশ দলের আইপিএলে নবম স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০